লেন্স এশিয়া

১৯ জুন, ২০২৫

# মুস্তাফিজ-তাসকিনকে নিয়ে বড় সুখবর দিলেন তামিম



ক্রিকেটার মুস্তাফিজ ও তাসকিন আহমেদ : সংগৃহীত ছবি

ইনজুরি কাটিয়ে ফিরছেন দুই পেসার বোলার তাসকিন আহমেদ ও মুস্তাফিজুর রহমান। আসন্ন শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজ দিয়েই জাতীয় দলে ফেরার সম্ভাবনা তৈরি হয়েছে

গতকাল বুধবার (১৮ জুন) মিরপুরে অনুশীলন শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এক প্রশ্নের জবাবে এই কথা বলেন ওপেনার তানজিদ হাসান তামিম।তিনি জানান, তাসকিন এখন নিয়মিত লম্বা স্পেলে বোলিং করে অনেকেটা রিকভারি করেছেন। ফিজিও ও ট্রেনারের তত্ত্বাবধানে তিনি আগের মতো ফিট হয়ে উঠছেন।

আরেক পেসার বোলার মুস্তাফিজকে নিয়েও আশাবাদী তামিম। তিনি জানান, মোস্তাফিজ ভাই বোলিংয়ে ফিরেছেন, নিয়মতি অনুশীলনে বোলিং করছেন। তামিম জানান আশা করছি ভাই ভালোভাবে কামব্যাক করবে।সামনে শ্রীলঙ্কার বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ শুরু হবে আগামী ২ জুলাই থেকে। এরপর ৫ ও ৮ জুলাই হবে বাকি দুই ওয়ানডে। ১০, ১৩ ও ১৬ জুলাই ডাম্বুলা ও কলম্বোয় হবে তিনটি টি-টোয়েন্টি ম্যাচ। সবগুলো ম্যাচেই তাসকিন-মুস্তাফিজকে পাওয়া যেতে পারে বলে আশা।

টেস্ট সিরিজ শেষে আগামী ২ জুলাই থেকে মাঠে গড়াবে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ। একই ভেন্যুতে কলম্বোর আর. প্রেমাদাসা স্টেডিয়ামে পরের ম্যাচ ৫ জুলাই। ক্যান্ডির পাল্লেকেলে আন্তর্জাতিক স্টেডিয়ামে শেষ ওয়ানডেতে ৮ জুলাই দুই দল মাঠে নামবে। সব ম্যাচই হবে দিবা–রাত্রির।

LENS ASIA